মেহেরপুরে জেলা নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের ত্রৈ-মাসিক সভা

মউকের উদ্দ্যোগে মেহেরপুর জেলা জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের ত্রৈ-মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।আজ শনিবার সকাল ১০ টার সময় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

জাতীয় মহিলা সংস্থার সভাপতি শামীম আরা হীরার সভাপতিত্বে সভাটি পরিচালনা করেন মউকের নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম।

এ সময় নারী ও শিশু নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধে বিভিন্ন আলোচনায় অংশগ্রহণ করেন জাতীয় মহিলা সংস্থার সভাপতি শামীম আরা হীরা উপজেলা ভাইসচেয়ারম্যান আবুল হাশেম, গাঁড়াডোব মাধ্যমিক বিদ্যালয়ের সিনিয়র ইংরেজি শিক্ষিকা জাকিয়া আক্তার আল্পনা ও বিশিষ্ঠ সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডাম সহ আরো অনেকে।

সভার কার্যবিবরণী পাঠ করেন মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ প্রকল্পের প্রোগ্রাম ম্যানেজার মোছাঃ ফাহিমা আক্তার। সভায় মেহেরপুর জেলায় বর্তমান পারিবারিক সহিংসতা সহ নারী ও শিশু নির্যাতনের উপর বিভিন্ন তথ্যবহুল আলোচনা করে সকল ধরণের নির্যাতিতদের পাশে থেকে এই কমিটি কাজ করার অঙ্গিকার ব্যাক্ত করেন মউকের নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম ও মেহেরপুর জেলা জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের সম্মানিত সদস্যগণ।